আল-আকসার পাশে ফিলিস্তিনিদের সম্পত্তি দখল ইসরাইলের



ছবি: সংগৃহীত

জেরুজালেমের পুরোনো শহরে আল-আকসা মসজিদ সংলগ্ন ফিলিস্তিনি মালিকানাধীন বাড়ি ও দোকান বাজেয়াপ্তের প্রক্রিয়া জোরদার করেছে ইসরাইল। এ পদক্ষেপকে শহরটির আরব ও ইসলামি পরিচয় বদলে দেওয়ার পরিকল্পনার অংশ হিসেবে দেখছেন ফিলিস্তিনিরা।

সম্প্রতি ইসরাইল সরকার একটি বিশেষ কমিটি গঠন করেছে, যার কাজ হবে আল-আকসার গুরুত্বপূর্ণ প্রবেশপথ বাব আল-সিলসিলা এলাকার পুরোনো বাজেয়াপ্ত আদেশ বাস্তবায়ন করা। স্থানীয় সূত্র বলছে, এতে অন্তত ১৫ থেকে ২০টি ফিলিস্তিনি বাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে।

ফিলিস্তিনি ও ইসলামিক নেতারা অভিযোগ করেছেন, ১৯৬৭ সালে পূর্ব জেরুজালেম দখলের পর থেকেই ‘জনস্বার্থের’ অজুহাতে ধাপে ধাপে এসব সম্পত্তির নিয়ন্ত্রণ নেওয়া হচ্ছে। তাদের দাবি, চলমান আঞ্চলিক সংকটের সুযোগে ইসরাইল এখন পুরো এলাকাটির ওপর পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার চেষ্টা করছে।

এ ঘটনায় আন্তর্জাতিক মহলে কূটনৈতিক ও আইনি তৎপরতা শুরু করেছে ফিলিস্তিনি প্রতিষ্ঠানগুলো।